

■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৩৪৬, ২৩৪৭]

৩৩/ বর্গাচাষ (كتاب المزارعة)

পরিচ্ছেদঃ ১৪৬৩. সোনা-রূপার বিনিময়ে জমি ইজারা দেওয়া।

بَابِ كِرَاءِ الْأَرْضِ بِالْذَّهَبِ وَالْفِضَّةِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ خَالِدٍ، حَدَّثَنَا الْيَتُّ، عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ، عَنْ حَنْظَلَةَ بْنِ قَيْسٍ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، قَالَ حَدَّثَنِي عَمَّا يَقُولُ أَنَّهُمْ كَانُوا يُكْرُونَ الْأَرْضَ عَلَى عَهْدِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَا يَنْبُتُ عَلَى الْأَرْبِيعَاءِ أَوْ شَيْءٍ يَسْتَثْنِيهِ صَاحِبُ الْأَرْضِ فَنَهَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ ذَلِكَ فَقُلْتُ لِرَافِعٍ فَكَيْفَ هِيَ بِالدِّينَارِ وَالدِّرْهَمِ فَقَالَ رَافِعٌ لَيْسَ بِهَا بِأَسْنَانٍ بِالدِّينَارِ وَالدِّرْهَمِ. وَقَالَ الْيَتُ وَكَانَ الَّذِي نُهِيَ عَنْ ذَلِكَ مَا لَوْ نَظَرَ فِيهِ ذَوْهُ الْفَهْمِ بِالْحَلَالِ وَالْحَرَامِ لَمْ يُجِيزُوهُ، لِمَا فِيهِ مِنَ الْمُخَاطَرِ.

বাংলা

وَقَالَ ابْنُ عَبَّاسٍ إِنَّ أَمْثَلَ مَا أَنْتُمْ صَانِعُونَ أَنْ تَسْتَأْجِرُوا الْأَرْضَ الْبِيْضَاءَ مِنَ السَّنَةِ إِلَى السَّنَةِ

ইবন আবাস (রাঃ) বলেন, তোমরা যা কিছু করতে চাও তার মধ্যে উভয় হলো, নিজের খালি জমি এক বছরের জন্য ইজারা দেওয়া।

২১৯৩। আমর ইবনু খালিদ (রহঃ) ... রাফি' ইবনু খাদীজ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমার কাছে আমার চাচারা বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যামানায় লোকেরা নালার পার্শ্বস্থ ফসলের শর্তে কিংবা এমন কিছু শর্তে ভাগে জমি ইজারা দিত, যা ক্ষেত্রের মালিক নিজের জন্য নির্দিষ্ট করে নিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের এরূপ করতে নিষেধ করেন। রাবী বলেন, আমি রাফি' (রাঃ) কে বললাম, দ্বীনার ও দিরহামের শর্তে জমি (ইজারা দেওয়া) কেমন? রাফি' (রাঃ) বললেন, দ্বীনার ও দিরহামের বিনিময়ে ইজারা দেওয়াতে কোন দোষ নেই।

লায়ছ (রহঃ) বলেন, আমার মনে হয়, যে বিষয়ে নিষেধ করা হয়েছে, হালাল ও হারাম বিষয়ে বিজ্ঞগ্নেরা সে

সম্পর্কে চিন্তা করলেও তারা তা জয়িয় মনে করবেন না। কেননা, তাতে (ক্ষতির) আশংকা রয়েছে। আবু আবদুল্লাহ (ইমাম বুখারী (রহঃ) বলেন, আমার মনে হয়, যে বিষয়ে নিষেধ করা হয়েছে- এখান থেকে লাইছ (রহঃ) এর উক্তি শুরু হয়েছে।

English

Narrated Hanzla bin Qais:

Rafi` bin Khadij said, "My two uncles told me that they (i.e. the companions of the Prophet) used to rent the land in the lifetime of the Prophet (ﷺ) for the yield on the banks of water streams (rivers) or for a portion of the yield stipulated by the owner of the land. The Prophet (ﷺ) forbade it." I said to Rafi`, "What about renting the land for Dinars and Dirhams?" He replied, "There is no harm in renting for Dinars- Dirhams. Al-Laith said, "If those who have discernment for distinguishing what is legal from what is illegal looked into what has been forbidden concerning this matter they would not permit it, for it is surrounded with dangers."

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিরীকৃত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: রাফি ইবনু খাদীজ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=2272>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন